

# মুখ্যমন্ত্রীর নির্দেশে জরুরি বৈঠক

## ডেঙ্গি মোকাবিলায় এবার পুলিশ থাকবে

### আজকালের প্রতিবেদন

ডেঙ্গি মোকাবিলায় যুদ্ধকালীন তৎপরতা শুরু করে দিল রাজ্য সরকার। শুধু স্বাস্থ্য বিভাগ নয়, এবার পুলিশকেও ডেঙ্গি মোকাবিলায় কাজে নামার জরুরি নির্দেশ দিল রাজ্য সরকার। মুখ্যসচিবের কড়া নির্দেশ, ডেঙ্গি-আক্রান্ত কেউ হাসপাতালে গেলে, তাঁকে ফেরানো বা 'রেফার' করা যাবে না। সেই সঙ্গে ডেঙ্গি মোকাবিলার সঙ্গে যুক্ত সমস্ত কর্মীর ছুটি বাতিল করা হয়েছে। সোমবার নবান্নে এই বিষয়ে সব জেলাশাসককে নিয়ে জরুরি বৈঠক করেন মুখ্যসচিব এইচ কে দ্বিবেদী। স্থানীয় থানাগুলিকে নির্দেশ দেওয়া হয়েছে, পুর-প্রশাসনের সঙ্গে জমা জল সরানোর কাজে সহযোগিতা করুন। বাড়ি বা আবাসনগুলির ভেতরে জমা জল, আবর্জনা পরিষ্কার করতে গিয়ে অনেক সময় বাধা পান পুরকর্মীরা, সঙ্গে পুলিশ থাকলে তাঁদের সমস্যায় পড়তে হবে না। মুখ্যসচিবের নির্দেশ, অফিসকাছারি-সহ সরকারি ও বেসরকারি বিভিন্ন সংস্থার বাইরে পড়ে-থাকা জঞ্জাল অবিলম্বে পরিষ্কার করতে হবে। ডেঙ্গি মোকাবিলায় নিয়ম না মানলে কড়া আইনি ব্যবস্থা নেওয়া হবে। পরিস্থিতির উন্নতি না হওয়া পর্যন্ত ডেঙ্গি মোকাবিলার সঙ্গে যুক্ত সব দপ্তরের কর্মীদের ছুটি বাতিল করা হয়েছে।

মুখ্যসচিবের নির্দেশ, পুরসভার নির্বাচিত কাউন্সিলর ও স্বাস্থ্য

দপ্তরের কর্মীদের সমন্বয় রেখে কাজ করতে হবে। ডেঙ্গি-আক্রান্ত কেউ হাসপাতালে গেলে তাঁকে ফেরানো বা রেফার করা যাবে না। মুখ্যসচিবের কড়া নির্দেশ, যে-কোনও হাসপাতালে ডেঙ্গি-আক্রান্ত রোগী গেলে তাঁর দ্রুত চিকিৎসা শুরু করতে

হবে। মেট্রো রেল, রেল এবং কেন্দ্রীয় সরকারি অফিসগুলিতে ডেঙ্গি মোকাবিলায় নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্নতার ওপর জোর দিতে হবে। পঞ্চায়েত এলাকায় এই পরিস্থিতি মোকাবিলার জন্য পরিকল্পিত ভাবে এগোনোর নির্দেশ দেওয়া হয়েছে পঞ্চায়েত দপ্তরকেও। আগামী কয়েক দিনে ডেঙ্গি সংক্রমণ যাতে না বাড়ে, তার জন্য ব্যবস্থা নেওয়া হচ্ছে। গ্রামীণ এলাকাতেও বাজার-হাট, হাসপাতাল চত্বর পরিষ্কারের ওপর বিশেষ জোর দিয়েছে নবান্ন। যে-সব এলাকায় ডেঙ্গি-আক্রান্তের সংখ্যা বাড়ছে, সেখানকার বস্তি এলাকাগুলিতে মশারি বিতরণের নির্দেশ দিয়েছে নবান্ন। এ-সব এলাকায় ফিভার ক্লিনিকগুলিতে ডেঙ্গি পরীক্ষা কেন্দ্র ২৪ ঘণ্টাই খোলা থাকবে। এদিন প্রথম দফায় মুখ্যসচিব হাওড়া, হুগলি ও দুই ২৪ পরগনার জেলাশাসকদের সঙ্গে বৈঠক করেন। পরে ভার্চুয়ালি বাকি সব জেলাশাসকের সঙ্গে বৈঠক করেন। এদিনের বৈঠকে ছিলেন স্বাস্থ্য, পূর্ত, পঞ্চায়েত, নগরোন্নয়ন দপ্তরের সচিব

ও আধিকারিকেরা। ছিলেন কলকাতা পুরসভার কমিশনার ও সব জেলার মুখ্য স্বাস্থ্য অধিকর্তা।

■ পুরকর্মীরা আবর্জনা সাফাইয়ে গিয়ে বাধা পেলে পুলিশ ব্যবস্থা নেবে

■ ডেঙ্গি-আক্রান্ত কেউ হাসপাতালে গেলে ফেরানো বা 'রেফার' করা যাবে না

■ ডেঙ্গি মোকাবিলায় যুক্ত কর্মীদের ছুটি বাতিল

■ ডেঙ্গিপ্রবণ এলাকায় ২৪ ঘণ্টা খোলা ফিভার ক্লিনিক